

## মূল্য সংবেদনশীল তথ্য

উত্তরা ফিন্যান্স এন্ড ইন্ভেস্টমেন্টস্ লিমিটেডের পরিচালনা পর্ষদের ১৪৫তম সভা রবিবার, ২৩ আগস্ট ২০২০ইং তারিখে বিকাল ৫:০০ ঘটিকায় ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করে ভার্চুয়ালী অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৩১ ডিসেম্বর ২০১৯ইং তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী অনুমোদিত হয় এবং নিম্নোক্ত মূল্য সংবেদনশীল সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

বিষয়	সিদ্ধান্তসমূহ
২০১৯ সালের প্রস্তাবিত লভ্যাংশ	১৫% নগদ লভ্যাংশ এবং ৫% স্টক ডিভিডেন্ট (বোনাস শেয়ার) ২৫তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণের অনুমোদন সাপেক্ষে।
রেকর্ড ডেট	মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর ২০২০ইং
২৫তম বার্ষিক সাধারণ সভার তারিখ	বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২০ইং
২৫তম বার্ষিক সাধারণ সভার ধরণ	ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করে ভার্চুয়ালী অনুষ্ঠিত হবে। সভায় যোগদানের লিংক <a href="https://ufil.bdvirtualagm.com">https://ufil.bdvirtualagm.com</a>
২৫তম বার্ষিক সাধারণ সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা

### নিরীক্ষিত হিসাব বিবরণী থেকে তথ্য সমূহঃ

বিবরণ	উত্তরা ফিন্যান্স		কনসাল্টেডেট	
	২০১৯ (টাকা)	২০১৮ (টাকা)	২০১৯ (টাকা)	২০১৮ (টাকা)
কর পরবর্তী মুনাফা	১,১৭৩,০৯৬,৮৩৩	১,০৩৪,৯৫০,৮০৮	১,১৮৩,২২২,৯৯০	১,০৩৪,৯৫০,৮০৮
শেয়ার প্রতি মুনাফা	৯.৩৭	৮.২৭	৯.৪৫	৮.২৭
শেয়ার প্রতি নীট সম্পদ	৬২.৩৭	৫৫.০০	৬২.৪৫	৫৫.০০
শেয়ার প্রতি নীট ব্যবসায়িক নগদ প্রবাহ	২.২২	(২১.৫৫)	২.৭৩	(২০.৯০)

### সংশ্লিষ্ট সকলের বিবেচনার জন্য বিবরণ :

- কোম্পানির যে সকল শেয়ারহোল্ডারগণের নাম রেকর্ড ডেট অর্থাৎ মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর ২০২০ইং তারিখে সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড এর ডিপোজিটরি রেজিস্ট্রার বা/এবং কোম্পানির শেয়ার রেজিস্ট্রার এ থাকবে শুধু তাঁরাই বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ এবং লভ্যাংশ, সভার বিজ্ঞপ্তি, বার্ষিক বিবরণী ইত্যাদি পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হবেন।
- বার্ষিক বিবরণীর সফট কপি, বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি, সভায় যোগদানের লিংক ইত্যাদি যথাযথ সময়ের মধ্যে সংশ্লিষ্ট শেয়ার হোল্ডারগণের বিও হিসাবে থাকা ই-মেইল ঠিকানায় (যদি থাকে) পাঠিয়ে দেয়া হবে এবং কোম্পানির ওয়েবসাইড [www.uttarafinance.biz](http://www.uttarafinance.biz) ঠিকানায়ও পাওয়া যাবে।
- ডিপোজিটরি পার্টসিপেন্ট (ডিপি)/স্টক ব্রোকারগণকে তাঁদের মার্জিন হিসাবধারিগণের তালিকা ৩০ সেপ্টেম্বর ২০২০ইং তারিখের মধ্যে এমএস এক্সেল ফরমে প্রস্তুত করে প্রিন্ট কপি এবং সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। সফট কপি শেয়ার বিভাগের ই-মেইল : [ufilshare2015@gmail.com](mailto:ufilshare2015@gmail.com) এ প্রেরণ করুন। তালিকা প্রেরণ না করলে লভ্যাংশ সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণের বিও হিসাবে প্রেরণ করা হবে।
- বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি যথাসময়ে দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।
- রেকর্ড ডেট অর্থাৎ মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর ২০২০ইং তারিখের পূর্বে নিম্নোক্ত কার্যাদি সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারগণকে বিনীত অনুরোধ করা হলো :
  - ফলিওতে থাকা শেয়ার ডিমেট করুন। যদি বিও হিসাব না থাকে তবে রেকর্ড ডেট এর পূর্বে বিও হিসাব খুলে শেয়ারগুলি ডিমেট করার জন্য পদক্ষেপ গ্রহণ করুন।
  - ফলিও নাম্বরের শেয়ারের বিপরীতে পাওয়া বোনাস শেয়ার যা কোম্পানির সাসপেন্স হিসাবে রক্ষিত আছে তা বিও হিসাবে স্থানান্তরের জন্য বিও হিসাব নাম্বর উল্লেখ করে আবেদন করুন।
  - ই-মেইল ঠিকানা ও মোবাইল নাম্বর বিও হিসাবে হালনাগাদ করুন। বার্ষিক বিবরণী, সভার বিজ্ঞপ্তি, ডিজিটাল প্লাটফর্মে অনুষ্ঠিতব্য বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের লিংক ইত্যাদি ই-মেইলে প্রেরণ করা হবে এবং মোবাইলে ম্যাসেজ পাঠানো হবে।
  - দ্রুততম সময়ে নগদ লভ্যাংশ বিও হিসাবে উল্লেখিত ব্যাংকে পেতে বিও হিসাবে দেয়া ব্যাংক হিসাব, ব্যাংকের ৯ (নয়) সংখ্যার রাউটিং নাম্বর এবং স্বাক্ষর হালনাগাদ করুন।
  - বিও হিসাবে ১২ (বার) ডিজিটের ই-টিন নাম্বর অন্তর্ভুক্ত করে নগদ লভ্যাংশের উপর ১৫%-এর পরিবর্তে ১০% হারে কর কর্তনের সুবিধা গ্রহণ করুন।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

মোঃ জাকির হোসেন, এফসিএ  
কোম্পানী সচিব



**উত্তরা ফিন্যান্স**  
এন্ড ইন্ভেস্টমেন্টস্ লিমিটেড

জীবন বীমা টাওয়ার (৭ম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০